



**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর**  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং বিঅ-৬/৪৯৬৯/২২৩

তারিখ : ২২-০২-২০২২ খ্রি.

বিষয় : গত ১৯-০৯-২০২১ খ্রি. তারিখের বিঅ-৬/৪৯৬৯/৩৭.১১.৪০৮১.৫০১.০১.৬.২০.৫০৬৭ নং স্মারকপত্রটি স্থগিতকরণ প্রসঙ্গে

সূত্র : ক) বিগত ০২-০৫-২০২১ খ্রি. তারিখে জনাব শেখ আলতাফ হোসেন এর আবেদন (আইডি নং ৬০৫২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন চাম্পাফুল আ. প্র. চ মাধ্যমিক বিদ্যাপীঠ এর এডহক কমিটি গঠন সম্পর্কিত কাগজপত্র, জনাব সত্যরঞ্জন মন্ডল, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক প্রেরিত ৯-০২-২০২২ খ্রি. তারিখের পত্র, বিজ্ঞ যুগ্ম জেলা জজ ২য় আদালত, সাতক্ষীরা এর দেং-১২/২০১৫ নং মোকদ্দমা ও বিজ্ঞ সিনিয়র জেলা ও দায়রা জজ আদালত, সাতক্ষীরা এর ২৪/১৫ নং মিস আপীল মোকদ্দমার আদেশ, যুগ্ম জেলা জজ ২য় আদালত, সাতক্ষীরা এর দেওয়ানী ১২/১৫ নং মোকদ্দমার ২৪-০৮-২০২০ খ্রি. ২৪/১৫ নং মিস আপীল মোকদ্দমার আদেশ, যুগ্ম জেলা জজ ২য় আদালত, সাতক্ষীরা এর দেওয়ানী ১২/১৫ নং মোকদ্দমার ২৪-০৮-২০২০ খ্রি. তারিখের সোলেনামা অনুযায়ী মোকদ্দমা প্রত্যাহারের আদেশ, মহামান্য হাইকোর্টের ১১৬৪/২০২১ ও ২২৪২/২০২১ নং সিভিল রিভিশনের আদেশ পর্যালোচনা করলাম। মহামান্য হাইকোর্টের ১১৬৪/২০২১ নং সিভিল রিভিশনের দরখাস্তকারী জনাব মিজানুর রহমান এবং প্রতিপক্ষ উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা দিং। উক্ত সিভিল রিভিশনে মহামান্য আদালত গত ২২-০৬-২০২১ খ্রি. তারিখে বর্ণিত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের স্বাক্ষরে সকল প্রকার বেতন-ভাতা প্রদানের আদেশ প্রদান করেন। পক্ষান্তরে ২২৪২/২০২১ নং সিভিল রিভিশনের দরখাস্তকারী জনাব মোঃ আব্দুল হাকিম এবং প্রতিপক্ষ জনাব মোঃ মিজানুর রহমান দিং। উক্ত সিভিল রিভিশনে মহামান্য আদালত গত ২১-১১-২০২১ খ্রি. তারিখে দরখাস্তকারীর (আব্দুল হাকিম) পক্ষে নিমেধোজ্জর আদেশ প্রদান করেন। জনাব সত্যরঞ্জন মন্ডল, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর ০৯-০২-২০২২ খ্রি. তারিখের পত্র ও সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায় ২২৪২/২০২১ নং সিভিল রিভিশনের ২১-১১-২০২১ খ্রি. তারিখে আদেশ হলেও ভ্রমবশত: ১৯-০৯-২০২১ খ্রি. তারিখে এডহক কমিটি (ছয় মাসের জন্য) অনুমোদন দেয়া হয় যা এক্ষনে কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়। ফলে স্বচ্ছতার স্বার্থে গত ১৯-০৯-২০২১ খ্রি. তারিখের বিঅ-৬/৪৯৬৯/৩৭.১১.৪০৮১.৫০১.০১.৬.২০.৫০৬৭ নং স্মারকপত্রটি অদ্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

১৯৪০

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

তারিখ : ২২-০২-২০২২ খ্রি.

প্রধান শিক্ষক ও সদস্য সচিব

চাম্পাফুল আ. প্র. চ. মাধ্যমিক বিদ্যাপীঠ (১১৮৭৩১)

ডাকঘর : শোভনালী, উপজেলা : কালিগঞ্জ, জেলা : সাতক্ষীরা

স্মারক নং বিঅ-৬/৪৯৬৯/২২৩(১-৯)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৬। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি, চাম্পাফুল আ. প্র. চ. মাধ্যমিক বিদ্যাপীঠ, শোভনালী, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৭। অভিযোগকারী জনাব শেখ আলতাফ হোসেন, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৮। জনাব সত্যরঞ্জন মন্ডল, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

১৯৪০, ০২-২০২২

২৩/২/২২